

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭১২

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩৫. সাদাকা (যাকাতের) ফযীলত সম্পর্কে

بَابِ فِي فَضْلِ الصَّدَقَةِ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ الْمُغِيرَةِ عَنْ عِيسَى بْنِ يُونُسَ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ سَعِيدِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا تَصَدَّقَ امْرُقُ بِصَدَقَةٍ مِنْ كَسْبٍ طَيِّبٍ وَلَا يَقْبَلُ اللَّهُ إِلَّا طَيِّبًا إِلَّا وَضَعَهَا حِينَ يَضَعُهَا فِي كَفِّ الرَّحْمَنِ وَإِنَّ اللَّهَ لَيُربِي لِأَحَدِكُمْ التَّمْرَةَ كَمَا يُربِّي أَحَدُكُمْ فَلُوَّهُ أَوْ فَصِيلَهُ حَتَّى تَكُونَ مِثْلَ أُحُدٍ لَيْرَبِي لِأَحَدِكُمْ التَّمْرَةَ كَمَا يُربِّي أَحَدُكُمْ فَلُوَّهُ أَوْ فَصِيلَهُ حَتَّى تَكُونَ مِثْلَ أُحُدٍ

বাংলা

১৭১২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ "যে লোক পবিত্র (হালাল) উপার্জন হতে দান-খায়রাত করে, -আর আল্লাহ্ তা'আলা পবিত্র (হালাল) মাল ছাড়া গ্রহণ করেন না- সে যখন এটি (কাউকে) অর্পণ করে, তখন সে যেন দয়াময় 'রহমান' এর হাতে তা সমর্পণ করে। আর নিশ্চয়ই দয়াময় রাহমান তোমাদের কারো (দাতার) জন্য সেই (দানকৃত) খেজুরটি প্রতিপালন করতে থাকেন যেভাবে তোমাদের কেউ তার ঘোড়ার বা উটের দুধ ছাড়ানো বাচ্চাকে লালন পালন করে থাকে। এমনকি সেটি বড় হতে হতে উহুদ (পাহাড়) এর সমান হয়ে যায়।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, যাকাত ১৪১০; মুসলিম, যাকাত ১০১৪।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ২৭০, ৩৩১৬, ৩৩১৮, ৩৩১৯ ও মুসনাদুল হুমাইদী নং ১১৮৮ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন